# অফিস আদেশ

**তারিখঃ ১৭ অক্টোবর ২০২৫**

বিষয়ঃ স্মার্ট পাঠশালা (Smart Pathshala) Teacher App এর মাধ্যমে একাডেমিক কার্যক্রম পরিচালনা সম্পর্কিত।

বিদ্যালয়ের সকল শিক্ষক ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামীকাল ১৮ অক্টোবর ২০২৫ তারিখ হতে ফুলকুঁড়ি ইসলামিক একাডেমীর সকল একাডেমিক কার্যক্রম (Smart Pathshala) Teacher App এর মাধ্যমে সম্পূর্ণভাবে ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হবে।

এক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে—

**১. ক্লাস উপস্থিতি (Attendance):**

প্রত্যেক শ্রেণি শিক্ষককে ক্লাসে প্রবেশের সাথে সাথেই (Smart Pathshala) Teacher App ব্যবহার করে লাইভ অ্যাটেনডেন্স নিতে হবে। কোনো অবস্থাতেই খাতায় উপস্থিতি নেওয়া যাবে না। মাস শেষে অ্যাটেনডেন্স রিপোর্ট অ্যাপে থেকে প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

**২. পরীক্ষা কার্যক্রমঃ**

সকল পরীক্ষা সম্পর্কিত কার্যক্রম (রুটিন, নম্বর এন্ট্রি, ফলাফল প্রস্তুতি ইত্যাদি) সম্পূর্ণভাবে ডিজিটাল পদ্ধতিতে সম্পন্ন করতে হবে।

**৩. হোমওয়ার্ক ও অ্যাসাইনমেন্টঃ**

- প্রতিদিন শিক্ষার্থীদের হোমওয়ার্ক (Smart Pathshala) Teacher App এর মাধ্যমে দিতে হবে।
- প্রতি সপ্তাহে অন্তত দুইটি অ্যাসাইনমেন্ট অ্যাপের মাধ্যমে দিতে হবে।

**৪. ছুটির আবেদন (Leave Application):**

সকল শিক্ষক ও কর্মচারীর ছুটির আবেদন কেবলমাত্র (Smart Pathshala) Teacher App এর মাধ্যমে জমা দিতে হবে। হাতে লেখা বা মৌখিক আবেদন গ্রহণযোগ্য হবে না।

উল্লেখিত নির্দেশনাগুলি কঠোরভাবে মেনে চলতে হবে। বিদ্যালয়ের প্রশাসন নিয়মিতভাবে এ বিষয়ে তদারকি করবে এবং অসংগতির ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। স্মার্ট পাঠশালার মাধ্যমে একটি আধুনিক ও প্রযুক্তিনির্ভর শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলতে সকলের আন্তরিক সহযোগিতা কাম্য।

ধন্যবাদান্তে,

____________________________

(স্বাক্ষর)

সভাপতি
ফুলকুঁড়ি ইসলামিক একাডেমী, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী।